বিষয়: মাইক্রোবায়োলজি ও কেমিক্যাল বিভাগস্থ ঢাকা ওয়াসা কেন্দ্রীয় ল্যাবরেটরীর কাজে স্থায়ী দাদন ৮০০০/-(আট হাজার) টাকায় উন্নীত ও ভাউচার ১০০০/- (এক হাজার) টাকা মূল্য মান পর্যন্ত ব্যবহারের অনুমোদন প্রদান প্রসঙ্গে।

অনুচ্ছেদ: ১.০

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবহিত করা যাইতেছে যে, ঢাকা ওয়াসার মাইক্রোবায়োলজি ও কেমিক্যাল বিভাগস্থ কেন্দ্রীয় ল্যাবরেটরী নগর বাসীর উদ্দেশ্যে সরবরাহকৃত পানির গুনাগুন পরীক্ষার কাজে নিয়োজিত। নারায়নগঞ্জসহ ঢাকা ওয়াসার মোট ১১টি জোন, ঢাকা, গোদনাইল, সোনাকান্দা ওয়াটার ওয়ার্কস, ভাকুর্তা ওয়েল ফিল্ড ও বিভিন্ন আবাসিক এলাকা হইতে উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক এবং বিভিন্ন জোনের নির্বাহী প্রকৌশলীগণের অভিযোগের প্রেক্ষিতে গ্রাহকের জলাধার, সরবরাহ লাইন, উৎস ইত্যাদি হইতে তাৎক্ষনিক ভাবে সংগৃহীত নমুনা পানি ওয়াসার কেন্দ্রীয় ল্যাবরেটরীতে পরীক্ষা করা হয়। আবার প্রতি মাসে বঙ্গভবন, ওয়াসা ভবন, বোতলজাত প্লান্ট হইতে পানির নমুনা সংগ্রহ করিয়া ল্যাবরেটরীতে পরীক্ষা করা হয়। পরীক্ষায় প্রাপ্ত ফলাফল বিশ্লেষণ পূর্বক করণীয়সহ প্রতিবেদন আকারে প্রস্তুত করতঃ দ্রুত জোনাল অফিস প্রধানসহ উদ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয় যাতে গ্রাহকের সমস্যা সমাধানে কার্যকরী ব্যবস্থানেওয়া যায়। ইহা ব্যতিরেকে ঢাকা মহানগরে মহামান্য রাস্টপতি ও মাননীয় প্রধান মন্ত্রীর ভিজিট উপলক্ষে জরুরী ভাবে পানি পরীক্ষার কাজও অত্র কেন্দ্রীয় ল্যাবরেটরী হইতে করা হয়।

অনুচ্ছেদ: ১.১

ল্যাবরেটরী আপ-গ্রেডেশনের আওতায় এডিবি ও বিশ্বব্যাংক প্রকল্প কর্তৃক আধুনিক যন্ত্রপাতি (UV-Spectrophotometer, RD-6000, Atomic Absorption spectrometer, Deionizer, Incubator, Laminar air flow, pH meter, Turbidity meter, COD reactor, BOD Incubator, Deep Fridge, Dehumidifier, Electric Oven, Electric Flocculator, Autoclave, Didital balances, Gas cylinder for AAS, Air cooler, and many others) সরবরাহের ফলে বর্তমানে ল্যাবরেটরীর পরীক্ষণ সক্ষমতা পূর্বের তুলনায় অনেক বৃদ্ধি পাইয়াছে। এই সব অত্যাধুনিক দামি যন্ত্রপাতি প্রায় মেরামত ও রক্ষণাবেক্ষন প্রয়োজন হয়। ইহা ছাড়া ল্যাবরেটরীতে প্রতি মাসে বিভিন্ন সময়ে জরুরী ভিত্তিতে পানির বিভিন্ন প্যারামিটার পরীক্ষার জন্য রিএজেন্ট সহ অনেক ধরনের কেমিক্যালস, গ্যাস ওয়ার ক্রয় করিবার প্রয়োজন হয়। কিন্তু বর্তমানে ৫০০০/- টাকার স্থায়ী দাদন দ্বারা তেমন কোন রিএজেন্ট বা যন্ত্রপাতির মেরামতী কাজ যায় না। বর্তমান বাজার দরে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্য মানের কোন প্রকার রিএজেন্ট/কেমিক্যাল পাওয়া যায় না। ইহা ছাড়াও বিভাগীয় রক্ষণাবেক্ষণ কাজে ৫০০/- (পাঁচশত) টাকার অধিক মূল্য মানের ভাউচার প্রয়োজন হয়। স্থায়ী দাদনে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্য মানের ভাউচারের মাধ্যমে বিল করা খুবই কষ্টকর। তাই কর্তৃপক্ষের কাজের স্বার্থে বিভাগীয় প্রধানকে কমপক্ষে ১০০০/- (এক হাজার) টাকা মূল্য মান পর্যন্ত ভাউচার অনুমোদনের ক্ষমতা প্রদানসহ স্থায়ী দাদনের পরিমান ৮০০০/-(আট হাজার) বিশেষভাবে প্রয়োজন। উল্লেখ্য, ঢাকা ওয়াসার অন্যান্য বিভাগে বিভাগীয় প্রধানগণ ১০০০/-(এক হাজার) টাকা মূল্য মান পর্যন্ত ভাউচার ব্যবহার করিয়া আসিতেছেন।

Attested
12.09.19

Dr. Md. Alamgir Hossain
Deputy Chief Microbiologist & Head
Microbiology & Chemical Division
(DWASA Central Laboratory)

অনুচ্ছেদ: ১.২

এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে কর্তৃপক্ষের কাজের স্বার্থে মাইক্রোবায়োলজি ও কেমিক্যাল বিভাগস্থ ঢাকা ওয়াসা কেন্দ্রীয় ল্যাবরেটরীর কাজে বিভাগীয় প্রধানের অনুক,লে স্থায়ী দাদন ৮০০০/-(আট হাজার) টাকা ও ১০০০/- (এক হাজার) টাকা মূল্য মান পর্যন্ত ভাউচার ব্যবহারের সদয় অনুমোদন দেওয়া যাইতে পারে। বিষয়টি সদয় বিবেচ্য।

২৪-০৭-২০১৯ ১২:২৯:৩২ মোঃ রুহুল আমিন সহকারী রসায়নবিদ, কেমিক্যাল বিভাগ	২৪-০৭-২০১৯ ১৩:৩২:০৫ তাহ্মিনা বেগম রসায়নবিদ, কেমিক্যাল বিভাগ	২৪-০৭-২০১৯ ১৭:৩০:৩০ মোঃ আলমগীর হোসেন ডেপুটি চীফ মাইক্রোবায়োরজিষ্ট, মাইক্রোবায়োলজী বিভাগ	২৫-০৭-২০১৯ ১১:১১:০০ এ কে এম ফয়সাল মতিন তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পি এন্ড ডি সার্কেল

২৮-০৭-২০১৯ ১২:৩০:৩৪
মোঃ আখতারুজ্জামান
অতিরিক্ত প্রধান প্রকৌশলী, অতিরিক্ত প্রধান

১৫-০৮-২০১৯ ১০:৪৪:৫২
মোঃ আবুল কাশেম
ডাইরেক্টর (উন্নয়ন), ডাইরেক্টর (উন্নয়ন) এর দপ্তর

~~১৬-০৮-২০১৯ ৮:৩৯:৪০~~
~~প্রকৌশলী তাকসিম এ খান~~
~~ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর~~

অনুচ্ছেদ: ১.৩

Okay

১৬-০৮-২০১৯ ৮:৩৯:৪০ প্রকৌশলী তাকসিম এ খান ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর	১৮-০৮-২০১৯ ১১:৫৫:৩৭ মোঃ আবুল কাশেম ডাইরেক্টর (উন্নয়ন), ডাইরেক্টর (উন্নয়ন) এর দপ্তর

২৭-০৮-২০১৯ ১০:৪৫:৪০ মোঃ আখতারুজ্জামান অতিরিক্ত প্রধান প্রকৌশলী, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (গবেষণা,পরিকল্পনা এবং উন্নয়ন)	২৭-০৮-২০১৯ ১৬:৪১:১১ এ কে এম ফয়সাল মতিন তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পি এন্ড ডি সার্কেল	৮-০৯-২০১৯ ৯:৫৩:৪৪ মোঃ আলমগীর হোসেন ডেপুটি চীফ মাইক্রোবায়োরজিষ্ট, মাইক্রোবায়োলজী বিভাগ	৮-০৯-২০১৯ ১৩:৩০:০৫ তাহ্‌মিনা বেগম রসায়নবিদ, কেমিক্যাল বিভাগ

১২-০৯-২০১৯ ১২:৩৯:১৮
মোঃ রুহল আমিন
সহকারী রসায়নবিদ, কেমিক্যাল বিভাগ

Attested
12.09.19

Dr. Md. Alamgir Hossain
Deputy Chief Microbiologist & Head
Microbiology & Chemical Division
(DWASA Central Laboratory)